কালের কণ্ঠ

তারিখ 30 SEP 2016
পৃষ্ঠা 2 কলাম

### জঙ্গি ও দুর্নীতি প্রতিরোধ

# নর্থ সাউথকে শিক্ষা মন্ত্রণালয়ের ১২ দফা নির্দেশনা

নিজস্ব প্রতিবেদক ▷

জঙ্গিবাদের বিস্তার রোধ ও অনিয়ম-দুর্নীতি বন্ধে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়কে (এনএসইউ) ১২ দফা নির্দেশনা দিয়েছে সরকার। গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে এ-সংক্রান্ত চিঠি পাঠিয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

এনএসইউকে দেওয়া ১২ দফা নির্দেশনার মধ্যে রয়েছে কোনো শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী যাতে বিশ্ববিদ্যালয় অঙ্গনে বাংলাদেশের সংবিধানের মূলনীতির বিরুদ্ধে কর্মকাণ্ড পরিচালনা বা এতে অংশ নিতে না পারে তার জন্য কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। ক্যাম্পাসে ধর্মীয় উন্মাদনা সৃষ্টি করতে পারে এ জাতীয় লিফলেট বিতরণ করা যাবে না। বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিতে নিষিদ্ধ বা ধর্মীয় উগ্রবাদ সৃষ্টির মতো কোনো বই কিংবা বাংলাদেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব এবং জাতীয় স্বার্থ ও শিক্ষার্থীদের জন্য ক্ষতিকর কোনো বই বা সাময়িকী সংরক্ষণ না করা, শিক্ষক-শিক্ষার্থীদের আচরণ ও গতিবিধি পর্যবেক্ষণের জন্য ভিজিলেন্স টিম গঠন এবং শিক্ষার্থীদের কাউন্সেলিং সেল স্থাপন, ছাত্রছাত্রীদের জন্য প্রতি সেমিস্টারে ন্যূনতম তিন কোর্স বাধ্যতামূলক করতে হবে। খণ্ডকালীন শিক্ষকের ওপর নির্ভরতা কমানো ও পূর্ণকালীন শিক্ষকের সংখ্যা বাড়াতে হবে। বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিকে (বিওটি) আইনের ধারা অনুযায়ী কাজ করার বাইরে কোনো দায়িত্ব পালন না করার বিষয়ে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে লিখিত অঙ্গীকারনামা দিতে হবে। বিওটি সদস্যদের মধ্যকার দ্বন্দ্ব নিরসন এবং তাঁদের বিশ্ববিদ্যালয় থেকে সব ধরনের আর্থিক সুবিধা নেওয়া বন্ধ করতে হবে। জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের বিভিন্ন শিক্ষা চুক্তি সম্পাদনের ক্ষেত্রে বিওটি সদস্যদের একচ্ছত্র আধিপত্য কমাতে হবে। বিশ্ববিদ্যালয়ের ১৭টি কমিটিকে বিওটি সদস্যদের একচ্ছত্র আধিপত্যের ব্যাখ্যা দিতে হবে। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইনের ধারা অনুযায়ী সরকার ও ইউজিসিকে অবহিত করে বিশ্ববিদ্যালয়ের তহবিলের অর্থ নির্ধারিত খাতে বিনিয়োগ করতে হবে। নির্ধারিত সংখ্যার বেশি শিক্ষার্থী ভর্তি করা যাবে না। আইন অনুযায়ী ৩ শতাংশ মুক্তিযোদ্ধা ও ৩ শতাংশ দরিদ্র মেধাবী ছাত্রছাত্রীদের বিনা খরচে পড়াতে হবে। পাকিস্তান ও নাইজেরিয়াসহ বিদেশি ১৪ ছাত্রছাত্রীর ভিসা-সংক্রান্ত তথ্য সরকারকে জানাতে হবে। নির্দেশনা অনুসারে প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে তা মন্ত্রণালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে (ইউজিসি) জানানোর নির্দেশনাও দেওয়া হয়েছে।

> পাকিস্তান ও নাইজেরিয়াসহ বিদেশি ১৪ ছাত্রছাত্রীর ভিসা-সংক্রান্ত তথ্য সরকারকে জানাতে হবে

এনএসইউর উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম জানিয়েছেন, মন্ত্রণালয়ের নির্দেশনা এখনো তাঁরা পাননি। তবে অনেক বিষয়ে এরই মধ্যে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, যা অব্যাহত থাকবে।

উল্লেখ্য, ১ জুলাই গুলশানের হলি আর্টিজান রেস্তোরাঁয় জঙ্গি হামলার ঘটনায় এই বিশ্ববিদ্যালয়ের সাবেক এক ছাত্রের সংশ্লিষ্টতার পরিপ্রেক্ষিতে এই বিশ্ববিদ্যালয় সম্পর্কে ইউজিসির একটি দল তদন্ত করে। ওই রিপোর্টের ভিত্তিতে মন্ত্রণালয় এই নির্দেশনা জারি করল।